# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।

সূত্র নং- বিএসইসি/সার্ভেইল্যান্স/মুখপাত্র (৫ম খন্ড)/২০১৯/১৫৮

তারিখঃ ১৮ পৌষ ১৪২৬ বঙ্গাব্দ
০২ জানুয়ারি ২০২০ খ্রিষ্টাব্দ

## প্রেস বিজ্ঞপ্তি

**বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) ও বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট (বিএফআইইউ)-এর মধ্যে তথ্য আদান প্রদান সংক্রান্ত সমঝোতা স্মারক স্বাক্ষর প্রসঙ্গে।**

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) ও বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট (বিএফআইইউ) এর মধ্যে তথ্য বিনিময় সংক্রান্ত একটি সমঝোতা স্মারক স্বাক্ষর অনুষ্ঠান ০২ জানুয়ারি ২০২০ সকাল ১১.৩০ ঘটিকায় বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, সিকিউরিটিজ কমিশন ভবন, আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকায় অনুষ্ঠিত হয়। বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এর পক্ষে নির্বাহী পরিচালক ও এএমএল অ্যান্ড সিএফটি উইং প্রধান মিসেস রুকসানা চৌধুরী, এবং বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট এর পক্ষে মহাব্যবস্থাপক ও অপারেশনাল প্রধান জনাব মোঃ জাকির হোসেন চৌধুরী সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন। এসময় বিএসইসি'র সম্মানিত চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন, কমিশনার মহোদয়গণ ও কমিশনের উর্ধ্বতন কর্মকর্তাগণ এবং বিএফআইইউ এর সম্মানিত প্রধান কর্মকর্তা জনাব আবু হেনা মোহাঃ রাজী হাসানসহ বিএফআইইউ এর উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। উল্লেখ্য, বিএফআইইউ এবং বিএসইসি মানিলন্ডারিং, সন্ত্রাস ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন সংক্রান্ত অপরাধ দমনে প্রতিনিয়তই নিবিড়ভাবে একে অপরের সাথে কাজ করে যাচ্ছে। সমঝোতা স্মারকটি স্বাক্ষরের ফলে তথ্য বিনিময় প্রক্রিয়াটি একটি প্রাতিষ্ঠানিক রূপ পাবে মর্মে উভয় প্রতিষ্ঠানের প্রধানগণ মতামত ব্যক্ত করেন এবং ভবিষ্যতে আরো সক্রিয়ভাবে একে অপরের কাজে সহায়তার অঙ্গীকার ঘোষণা করেন।

02/01/2020
মো: সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র।


BANGLADESH SECURITIES AND EXCHANGE COMMISSION
BSEC
BANGLADESH FINANCIAL INTELLIGENCE UNIT
BFIU
বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
ও